**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ২০১৮ সাল থেকে চলতি বছরের এপ্রিল মাস পর্যন্ত রাজ্যে মোট ৬ হাজার ৮৮৭ জন শিক্ষক নিয়োগ করা হয়েছে।**

**(২) WAVES Bazaar 2025 মাত্র দেড়দিনে ২৫৪ কোটি টাকার চুক্তি সম্পন্ন করেছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অমরাবতীতে বিভিন্ন নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং ৫৮,০০০ কোটি টাকার সড়ক ও রেল প্রকল্পের উদ্বোধন করেন ।**

**(৪) আন্ত: জেলা ফুটবল প্রতিযোগিতার অনূর্ধ্ব ১৩ ও অনূর্ধ্ব ১৭ বছরের উভয় বিভাগে গোমতী জেলা চ্যাম্পিয়ন হয়েছে ।**

*******************************************

**CM–Inauguration :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন ২০১৮ সাল থেকে চলতি বছরের এপ্রিল মাস পর্যন্ত রাজ্যে মোট ৬ হাজার ৮৮৭ জন শিক্ষক নিয়োগ করা হয়েছে। আজ আগরতলার রামনগর উচ্চতর মাধ্যমিক ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের নতুন ভবনের দ্বারোদ্ঘাটন অনুষ্ঠানে তিনি একথা বলেন। এই অনুষ্ঠান থেকেই মুখ্যমন্ত্রী ভার্চুয়ালভাবে বড়কাঁঠাল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়, দারোগামুড়া উচ্চ বিদ্যালয়, ক্ষুদিরাম বসু ইংরেজি মাধ্যম বিদ্যালয় ও সুকান্ত একাডেমি ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের নতুন ভবনের দ্বারোদ্ঘাটন করেন। অনুষ্ঠানে তিনি আরো বলেন, ২০২৪–২৫ অর্থবছরে মোট ৪৪টি বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ করা হয়েছে এবং এই নির্মাণের জন্য ব্যয়

হয়েছে মোট ১৫৩ কোটি টাকা। চলতি অর্থবছরে আরো ৩০টি বিদ্যালয় নতুন ভবন নির্মাণের পরিকল্পনা রাজ্য সরকারের রয়েছে। এতে ব্যয় হবে ২৬৪ কোটি টাকা। তাছাড়া, চলতি অর্থবছরে ১২৩টি বিদ্যালয়ের পরিকাঠামোগত উন্নয়ন করা হবে। তাছাড়া সমগ্র শিক্ষা অভিযান সহ অন্যান্য আনুষঙ্গিক বিষয়গুলির উন্নয়ন করা হবে যার জন্য ব্যয় হবে ১৫১ কোটি টাকা। মুখ্যমন্ত্রী ছাত্রছাত্রীদের গুণগত শিক্ষা প্রদানে শিক্ষক শিক্ষিকাদের আরো যত্নবান হবার পরামর্শ দেন।

#######Byte-CM#######

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার প্রমুখ।

******************************

**WAVES 2025 :**

এবার WAVES ২০২৫ এর খবর।

#######Sound Byte#######

WAVES Bazaar 2025 মাত্র দেড়দিনে ২৫৪ কোটি টাকার চুক্তি সম্পন্ন করেছে। এই সময়ে WAVES Bazaar চলচ্চিত্র, সঙ্গীত, অ্যানিমেশন, রেডিও এবং VFX খাতে ২৫৪ কোটি টাকার নিশ্চিত ব্যবসায়িক লেনদেন রেকর্ড করেছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব সঞ্জয় জাজু গণমাধ্যমকে জানান যে এই ঐতিহাসিক শীর্ষ সম্মেলনের আরও দুই দিন বাকি, তাই, এই সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে। আরেকটি মাইলফলক হলো খিড়কি গাঁও নামে একটি চলচ্চিত্র প্রকল্প বুসান আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের ব্যবসায়িক তহবিল বাজার এশিয়ান সিনেমা তহবিলের সঙ্গে পোস্ট-প্রোডাকশন এবং VFX চুক্তি চূড়ান্ত করেছে। প্রকল্পটির মূল্য দুই কোটি টাকা।

বিশ্বব্যাপী দর্শকদের জন্য সহযোগিতামূলক কন্টেন্ট তৈরির লক্ষ্যে রাশিয়া ও ভারতের মধ্যে একটি আন্তঃসাংস্কৃতিক উৎসব প্রকল্পে সহযোগিতার জন্য একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য OML বা Only Much Louder এবং Gazprom Media (Russia) এর মধ্যে বর্তমানে একটি ব্যবসায়িক চুক্তি আলোচনাধীন রয়েছে। ঘোষণা করা হয় যে মুম্বাইতে সফল প্রিমিয়ারের পর ৯ই মে রেকর্ড-ব্রেকিং শিন চ্যান: আওয়ার ডাইনোসর ডায়েরি-র ভারতীয় থিয়েটারে মুক্তি। জানানো হয়, ভারত-কেন্দ্রিক চলচ্চিত্র, দ্য স্পাইসি কাসুকাবে ড্যান্সার্স ইন ইন্ডিয়া, ২০২৫ সালের দীপাবলিতে মুক্তি পাওয়ার কথা রয়েছে।

#######Sound Byte#######

******************************

**WAVES Package Story :**

দেশে প্রথমবার আয়োজিত ওয়ার্ল্ড অডিও ভিজ্যুয়াল এন্ড এন্টারটেইনমেন্ট সামিট', ওয়েভসের আজ দ্বিতীয় সম্মেলন অনুষ্ঠিত হয়। ৪ দিনের আসরে সারা বিশ্ব থেকে মন্ত্রী এবং শীর্ষ নীতিনির্ধারকরা যোগ দিয়েছেন। এই ওয়েভস সম্মেলনে 'কানেক্টিং ক্রিয়েটরস, কানেক্টিং কান্ট্রিজ' শীর্ষক আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানগুলোর মধ্যে রয়েছে উত্তর-পূর্বাঞ্চলীয় আটটি রাজ্যের মনোমুগ্ধকর পরিবেশনাসমূহ, যা দর্শকদের ভারতীয় বৈচিত্র্যময় ও প্রাণবন্ত সাংস্কৃতিক মেজাজের মাধ্যমে অনন্য উপস্থাপনা উপহার দিতে শুরু করেছে। এ নিয়ে একটি প্রতিবেদন।

#########VC########

****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অন্ধ্রপ্রদেশের রাজধানী অমরাবতীতে নির্মাণ কাজ পুনরায় শুরু করার ভিত্তিপ্রস্তর স্থাপন করেন এবং ৫৮,০০০ কোটি টাকার সড়ক ও রেল প্রকল্পের উদ্বোধন করেন। সমাবেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, এই প্রকল্পগুলি অন্ধ্রপ্রদেশের আকাঙ্ক্ষা এবং বিকশিত ভারতের আশার একটি শক্তিশালী ভিত্তি। তিনি বলেন, গত ১০ বছরে ভারত ভৌত, ডিজিটাল এবং সামাজিক পরিকাঠামোর উপর ব্যাপকভাবে মনোযোগ দিয়েছে। শ্রী মোদী আরও বলেন যে ভারত সেই দেশগুলির মধ্যে একটি যেখানে পরিকাঠামো দ্রুত বিকাশ হচ্ছে এবং অন্ধ্রপ্রদেশও এই অগ্রগতি থেকে উপকৃত হচ্ছে। তিনি বলেন, এনডিএ সরকার বিশেষ করে কৃষকদের উন্নয়নের উপর মনোযোগ দিচ্ছে। প্রধানমন্ত্রী বলেন যে, গত ১০ বছরে, কেন্দ্রীয় সরকার কৃষকদের সাশ্রয়ী মূল্যে সার এবং আধুনিক বীজ সরবরাহের জন্য ১২ লক্ষ কোটি টাকা ব্যয় করেছে।

প্রধানমন্ত্রী আজ কেরালার ভিজিনজাম আন্তর্জাতিক সমুদ্রবন্দর জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেছেন।

########Byte-PM#######

*****************************

**CM Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার পৌরোহিত্যে আজ সচিবালয়ে আসন্ন নীট পরীক্ষা নিয়ে বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পর্যাপ্ত নিরাপত্তার মধ্য দিয়ে পরীক্ষা নির্বিঘ্নে সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন মুখ্যসচিব জে কে সিনহা, শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, পুলিশের উচ্চ পদস্থ অধিকারকগণ।

*****************************

**Inauguration programme :**

বিধায়ক প্রমোদ রিয়াং আজ শান্তিরবাজার মহকুমার কাঞ্চননগর উপ-স্বাস্থ্য কেন্দ্রের নতুন পাকাবাড়ির উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন বকাফা পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন কৃষ্ণা রিয়াং, জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা: জোতির্ময় দাস প্রমুখ।

**************************

**Natural Farming :**

"প্রাকৃতিক উপায়ে চাষাবাদ" নিয়ে পাঁচ দিনের এক প্রশিক্ষণ কর্মসূচি আজ থেকে কৈলাশহরে শুরু হয়েছে। কৃষিবিজ্ঞান কেন্দ্রে আয়োজিত প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করেন চন্ডীপুর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শম্পা দাস পাল। তিনি বলেন, রাসায়নিক সার-ঔষধ ব্যবহার না করেও জমিতে ফসল উৎপাদন করা সম্ভব, তাতে মাটির স্বাস্থ্য ও ভালো থাকে। তিনি কৃষকদের প্রাকৃতিক চাষাবাদে অনুপ্রাণিত করার উপর গুরুত্বারোপ করেন। বক্তব্য রাখেন চন্ডীপুর পঞ্চায়েত সমিতির ভাইস-চেয়ারম্যান বিনয় সিংহ, কৃষি উপ-অধিকর্তা সৌমেন নন্দী, K.V.K'র বরিষ্ট বিজ্ঞানী বিশ্বজিৎ বল প্রমুখ।

****************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত আন্ত: জেলা ফুটবল প্রতিযোগিতার অনূর্দ্ধ্ব ১৩ ও অনূর্দ্ধ্ব ১৭ বছরের উভয় বিভাগে গোমতী জেলা চ্যাম্পিয়ন হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে আজ অনুষ্ঠিত ফাইনাল খেলায় অনূর্দ্ধ্ব ১৩ বিভাগে গোমতী জেলা ৩–০ গোলে ধলাই জেলাকে পরাজিত করে। পরে অনূর্দ্ধ্ব ১৭ বছরের ফাইনালে গোমতী জেলা ৪–১ গোলে ধলাই জেলাকে হারায়। ফাইনাল খেলার শেষে চ্যাম্পিয়ন ও রানার্স দলকে ট্রফি ও প্রাইজমানি তুলে দেয়া হয়। অনুষ্ঠানে ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার এবং টি এফ এ সভাপতি প্রণব সরকার উপস্থিত ছিলেন।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস।

*****************************